দর্শনা প্রেস ক্লাবে ৩ সাংবাদিককে ফুলেল শুভেচ্ছা

দর্শনা প্রেস ক্লাব ও সাংবাদিক সমিতির পক্ষ থেকে ৩ সাংবাদিককে ফুলেল শুভেচ্ছা দেয়া হয়েছে। গতকাল শুক্রবার সকাল ৯ টার দিকে দর্শনা প্রেস ক্লাবে ফুলেল শুভেচ্ছা দেয়া হয় জীবননগর পৌরসভায় ওয়ার্ড কাউন্সিলর নির্বাচিত হওয়ায় সাংবাদিক জামাল হোসেনকে, এশিয়ান টেলিভিশনের সেরা প্রতিবেদক হওয়ায় আজাদ হোসেনকে ও মাইটি’র জেলা প্রতিনিধি হিসেবে পুরস্কৃত হওয়ায় ইকরামুল হক পিপুলকে।
এ সময় উপস্থিত ছিলেন, দর্শনা প্রেস ক্লাবের সভাপতি মনিরুজ্জামান ধীরু, সাধারণ সম্পাদক হারুন রাজু, সাংবাদিক সমিতির সভাপতি আওয়াল হোসেন, সহ-সাধারণ সম্পাদক মনিরুজ্জামান সুমন, প্রেস ক্লাবের সহসভাপতি জাহিদুল ইসলাম, সহ-সাধারণ সম্পাদক নজরুল ইসলাম, সাংগঠনিক সম্পাদক মাহমুদ হাসান রনি, সাবেক সভাপতি হানিফ মন্ডল, সাবেক সাধারণ সম্পাদক চঞ্চল মেহমুদ, আহসান হাবীব মামুন, সাংবাদিক এফএ আলমগীর, ইয়াসির আরাফাত মিলন, হাসমত আলী, আ. রহমান, জামান তারিক, জিল্লুর রহমান মধু, মুনজুরুল ইসলাম, মাসুম বিল্লাহ, ওয়াসিম রয়েল, ইমতিয়াজ রয়েল, সুকমল চন্দ্র দাস বাধন, সুজন মাহমুদ, আবির হাসান রিফাত, ফরহাদ হোসেন প্রমুখ।

দর্শনায় ডিজিটাল নিরাপত্তা আইন বাতিলের দাবীতে রাজপথে সাংবাদিকরা

সারাদেশে সাংবাদিক নির্যাতন ও হত্যার প্রতিবাদসহ ডিজিটাল নিরাপত্তা আইন বাতিলের দাবীতে রাজপথে নেমেছে সাংবাদিকরা। দর্শনা প্রেস ক্লাব ও সাংবাদিক সমিতির যৌথ আয়োজনে করা হয়েছে বিক্ষোভ ও মানববন্ধন কর্মসূচি।
এ কর্মসূচিতে অংশ নিয়েছে জেলার ৫ টি প্রেস ক্লাব ও সাংবাদিক

আলমডাঙ্গায় স্ত্রীর মামলায় স্বামী আটক

স্ত্রীর দায়েরকৃত যৌতুক ও নারী নির্যাতন মামলায় স্বামী হাসানকে আটক করেছে পুলিশ। গতকাল শুক্রবার দুপুর ৩ টার দিকে ঘোলদাড়ি পাইকপাড়া গ্রাম থেকে তাকে আটক করে পুলিশ।
জানা গেছে, আলমডাঙ্গা উপজেলার আইলহাঁস ইউনিয়নের ঘোলদাড়ি পাইকপাড়া গ্রামের আজিজুল হোসেনের ছেলে হাসান (২৬) এর সাথে সদর থানাধীন সরোজগঞ্জের ভুল্টিয়া নবীনগর গ্রামের জাহাঙ্গীর হোসেনের মেয়ে দীপ্তি খাতুনের সাথে গত ২ বছর পূর্বে পারিবারিক ভাবে বিবাহ হয়।
তাদের দাম্পত্য জীবনে একটি পুত্র সন্তান জন্ম নেয়। বৈবাহিক সূত্রে, দীপ্তির পিতা তার জামাইকে ১ টি ডিসকভারি মোটরসাইকেল যৌতুক হিসেবে দেয়। মোটরসাইকেল দেওয়ার কয়েক মাস পরেই দীপ্তিকে তার বাবার বাড়ি থেকে টাকা আনতে বলে হাসান।
দীপ্তি তার পিতার বাড়ি থেকে টাকা আনতে নারাজ হওয়ায় তাকে মারপিট করে। মেয়ের সুখের আশায় দীপ্তির পিতা আবারো ৫০ হাজার টাকা দেয়। টাকা দেওয়ার ৬ মাস পার হতে না হতেই আবারো টাকার নেশা ওঠে হাসানের। শ্বশুরের ২ বিঘা জমি বিক্রয় করে ৫ লক্ষ টাকা আনতে বলে স্ত্রী দীপ্তিকে।
দীপ্তি আবারো তার বাবার নিকট থেকে জমি বিক্রয় করে টাকা আনতে পারবে না বলে জানায়। হাসান তার স্ত্রীর উপর ক্ষিপ্ত হয়ে রুটি বানানো বেলুন দিয়ে বেধড়ক মারপিট করে।
এ ঘটনায় দীপ্তি গুরুত্বর আহত হওয়ার সংবাদে তার পিতা জাহাঙ্গীর উপস্থিত হয়ে দীপ্তিকে উদ্ধার করে সদর হাসপাতালে ভর্তি করে। এ ঘটনায় দীপ্তি বাদি হয়ে আলমডাঙ্গা থানায় মামলা দায়ের করে।

দর্শনায় ২০ কেজি গাঁজা সহ গ্রেফতার ২

চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানা পুলিশের কঠোর মাদকবিরোধী অভিযানে ২০ কেজি গাঁজা সহ ২ জনকে গ্রেফতার করেছে দর্শনা থানা পুলিশ।

গতকাল বুধবার রাত সাড়ে ১০ টার সময় পুলিশ সুপার মোঃ জাহিদুল ইসলাম এর দিক নির্দেশনায় দর্শনা থানার একটি চৌকস দল ছোটবলদিয়া এলাকায় মাদক বিরোধী অভিযান পরিচালনা করে। এ সময় ষাটখাল নামক পাকা রাস্তার উপর থেকে দুইজন মাদক ব্যাবসায়ীকে আটক করে। এ সময় গ্রেফতারকৃত আসামিদের কাছ থেকে ২০(বিশ) কেজি গাঁজা উদ্ধার করা হয়।

গ্রেফতার কৃত আসামিরা হলেন, বড়বলদিয়া গ্রামের বাজারপাড়ার মোঃ গোলাম রহমানের ছেলে মোঃ মজিবর রহমান (৩৮) ও মদনা গ্রামের পশ্চিমপাড়ার গুল মোহাম্মদের ছেলে মোঃ ইয়াছিন আলী (৩৬)

গ্রেফতারকৃত আসামীদের বিরুদ্ধে দর্শনা থানায় মাদকদ্রব্য আইনে মামলা দায়ের করা হয়েছে যার মামলা নাম্বার- ০৪, তারিখ-০৪/০৩/২০২১।

এ বিষয়ে দর্শনা থানার ওসি মাহাব্বুর রহমান কাজল বলেন, আমরা কঠোর ভাবে মাদকের বিরুদ্ধে কাজ করে যাচ্ছি এবং দ্রুত দর্শনা মাদকমুক্ত করবো।

চুয়াডাঙ্গায় প্রতিবন্ধীদের আত্ম-কর্মসংস্থানের লক্ষ্যে প্রশিক্ষণ কার্যক্রমের

উদ্বোধন

চুয়াডাঙ্গায় প্রতিবন্ধীদের কর্মসংস্থানের লক্ষ্যে বসত বাড়িতে সবজি চাষ ও পশুপাখি পালন বিষয়ে ৩দিন ব্যাপী প্রশিক্ষণের কর্মসূচির উদ্ভোধন করা হয়েছে।

আজ বৃহস্পতিবার সকাল ১১ টায় চুয়াডাঙ্গা রিজিয়া খাতুন প্রভাতি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সভাকক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা পরিচালনা ও উন্নয়ন প্রকল্প, স্থানীয় সরকার বিভাগ ও জাপান ইন্টারন্যাশনাল কোঅপারেশন এজেন্সি (জাইকা)’র সহযোগিতায় এ অনুষ্ঠানের আয়োজন করে চুয়াডাঙ্গা সদর উপজেলা পরিষদ।

চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মুহাম্মদ সাদিকুর রহমানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন চুয়াডাঙ্গা জেলার জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার।

সদর উপজেলা সমাজসেবা অফিসার মৌমিতা পারভীনের সঞ্চালনায় আলোচনা সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান আসাদুল হক বিশ্বাস, মহিলা ভাইস চেয়ারম্যান শাহাজাদী মিলি প্রমুখ।

এসময় উপস্থিত ছিলেন, সদর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান গরীব রুহানি মাসুম, জাইকার চুয়াডাঙ্গা প্রতিনিধি আক্তারুজ্জামান, বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি শাজাহান আলীসহ আরও অনেকে।

আলমডাঙ্গা উপজেলার সাবেক ভাইস চেয়ারম্যান কাজী অরুনের স্ত্রীর মৃত্যু

আলমডাঙ্গা উপজেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক ও সাবেক ভাইস চেয়ারম্যার কাজী খালেদুর রহমান অরুনের স্ত্রী সাবিনা ইয়াসমিন

(৪৭) ইন্তেকাল করেছেন।
তিনি গতকাল বুধবার ভোর রাতে স্ট্রোকে আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করেন। তার মৃত্যুতে চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন শোক প্রকাশ করেছেন।
জানা গেছে, আলমডাঙ্গা উপজেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক সাবেক ভাইস চেয়ারম্যান কাজী খালেদুর রহমান অরুনের স্ত্রী সাবিনা ইয়াসমিন গত মঙ্গলবার রাত ১০ টার দিকে হঠাৎ অসুস্থ হয়ে পড়েন। অসুস্থাবস্থায় তাকে প্রথমে আলমডাঙ্গার একটি ক্লিনিকে পরে রাজশাহী নিয়ে যাবার পথে মারা যান। তার মৃত্যুর সংবাদে চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য জেলা আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন আলমডাঙ্গায় কাজী অরুনের বাসভবনে যান।
এমপি ছেলুন জোয়ার্দদ্দার এ মৃত্যুর ঘটনায় গভীর শোক প্রকাশ করেন এবং সমবেদনা জ্ঞাপন করেন। এছাড়া শোক প্রকাশ করেন আলমডাঙ্গা উপজেলা আওয়ামী লীগের সভাপতি পৌর মেয়র হাসান কাদির গনু।
এ সময় উপস্থিত ছিলেন জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক মাসুদুজ্জামান লিটু বিশ্বাস, বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক শহিদুল ইসলাম, উপজেলা আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সম্পাদক ইয়াকুব আলী মাস্টার, যুগ্ম-সম্পাদক কাজী রবিউল হক, সহ-সভাপতি হামিদুল ইসলাম আজম, জেলা সদস্য শাহ আলম, পৌর আওয়ামী আওয়ামী লীগের সভাপতি দেলোয়ার হোসেন, উপজেলা ভাইস চেয়ারম্যান সালমুন আহমেদ ডন, কুমারী ইউপি চেয়ারম্যান আবু সাঈদ পিন্টু, পৌর যুগ্ম-সম্পাদব সাইফুর রহমান পিন্টু, ২ নং ওয়ার্ড সভাপতি জাহাঙ্গীর হোসেন, ওয়ার্ড কাউন্সিলর মজিবুল ইসলাম, আব্দুল বারি মল্লিক, সৈকত খান, পৌর ছাত্রলীগের সভাপতি নয়ন সরকার, হাসান প্রমুখ।

আলমডাঙ্গায় সড়ক দুর্ঘটনায় নিহত ১

আলমডাঙ্গায় নিয়ন্ত্রণ হারিয়ে বৈদ্যুতিক খুটির সাথে ধাক্কা লেগে ট্রাক্টর ড্রাইভার নিহত হয়েছে। ঘটনাটি গতকাল বুধবার ভোর রাতে মুন্সিগঞ্জ পশু হাট এলাকায় ঘটেছে। নিহত ট্রাক্টর ড্রাইভার

রাশিদুল দামুড়হুদা থানার উজিরপুর গ্রামের মৃত মাদার আলির ছেলে। জানাগেছে, দামুড়হুদা থানার মৃত মাদার আলির ছেলে রাশিদুল দীর্ঘদিন ট্রাক্টরে মাটি বোঝাই করে ইট ভাটায় পরিবহনের কাজ করে। বর্তমানে অবৈধ ভাবে মাটি কেটে পুকুর খনন ও প্রধান সড়ক দিয়ে মাটি পরিবহনের কারণে তৎপর প্রশাসন। এ কারণেই রাত জুড়ে মাটি পরিবহন করে। আলমডাঙ্গা উপজেলার বলেশ্বরপুর গ্রামের সাবেক আইলহাঁস ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিনহাজ উদ্দিনের পুকুর থেকে ট্রাক্টরে মাটি বোঝাই করে মুন্সিগঞ্জের একটি ইটভাটায় নিয়ে যাচ্ছিলেন রাশিদুল। রাশিদুল মাটি বোঝাই করে ইট ভাটায় যাবার সময় নিয়ন্ত্রণ হারিয়ে বৈদ্যুতিক খুটির সাথে ধাক্কা লাগে। ধাক্কা লাগার কারণে ট্রাক্টরটি উল্টে গেলে রাশিদুল চাপা পড়ে।
দুর্ঘটনার খবর পেয়ে আলমডাঙ্গা ফায়ার সার্ভিস ও মুন্সিগঞ্জ ফাঁড়ি পুলিশ উদ্ধার অভিযান পরিচালনা করে। ট্রাক্টরে নিচ থেকে রাশিদুলের মৃত দেহ উদ্ধার করে ফায়ার সার্ভিস ও পুলিশ।
এ ঘটনায় আলমডাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা আলমঙ্গীর কবির বলেন, ভোর রাতে আলমডাঙ্গা বলেশ্বরপুর গ্রামের সাবেক চেয়ারম্যান মিনহাজ উদ্দিনের পুকুর থেকে ট্রাক্টরে মাটি বোঝাই করে মুন্সিগঞ্জের একটি ইট ভাটায় নিয়ে যাচ্ছিলেন রাশিদুল। দুর্ঘটনার কবলে পড়ে রাশিদুল নামে একজন মারা গেছে।

আলমডাঙ্গায় নতুন ইউএনও পুলক কুমার মন্ডলের যোগদান

আলমডাঙ্গার নবাগত উপজেলা নির্বাহী অফিসার পুলক কুমার মন্ডল যোগদান করেছেন। গতকাল বুধবার সকাল ১০ টার দিকে চুয়াডাঙ্গা জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকারের সাথে আলোচনা শেষে আলমডাঙ্গায় এসে নির্বাহী অফিসার হিসেবে দায়িত্ব বুঝে নেন।
এ সময় উপজেলা সহকারী কমিশনার (ভূমি) হুমায়ন কবির, সমাজ সেবা কর্মকর্তা আফাজ উদ্দিন, প্রকল্প কর্মকর্তা এনামুল হক উপস্থিত ছিলেন। এ ছাড়াও আলমডাঙ্গা প্রেস ক্লাবের সভাপতি খন্দকার শাহ আলম মন্টু, সম্পাদক হামিদুল ইসলাম, সহ-সভাপতি আতিয়ার রহমান মুকুল, যুগ্ম-সম্পাদক প্রশান্ত বিশ্বাস, প্রচার সম্পাদক শরিফুল ইসলাম,

নির্বাহী সদস্য তানভীর আহম্মদ সোহেল, গোলাম সরোয়ার সদু প্রমুখ উপস্থিত ছিলেন। নির্বাহী অফিসার পুলক কুমার মন্ডল সকলের সাথে কুশল বিনিময় করেন।
এর আগে উপজেলা কমপ্লেক্সে পৌঁছালে উপজেলা পরিষদের কর্মচারীবৃন্দ তাকে ফুলের তোড়া দিয়ে স্বাগত জানান।
জানা যায়, যশোর জেলার শারসা উপজেলা নির্বাহী অফিসার হিসেবে সাড়ে ৩ বছর কাজ করার সুযোগ পেয়েছেন। ইতোপূর্বে তিনি চুয়াডাঙ্গায় সহকারী কমিশনার হিসেবে দায়িত্ব পালন করেছেন।
এ সময় তিনি সাংবাদিক দের কাছে সহযোগীতা কামনা করেন। তিনি বলেন আলমডাঙ্গা উপজেলকে একটি সুন্দর উপজেলা হিসেবে গড়তে চাই। এ বিষয়ে জনপ্রতিনিধিসহ সকল দপ্তরের কর্মকর্তাদের সহায়তা কামনা করেন।

দর্শনার কেরুতে মুক্তিযোদ্ধা কোটা অনুযায়ী নিয়োগ দেওয়ার দাবীতে মানববন্ধন

চুয়াডাঙ্গা জেলার দর্শনা কেরু এন্ড কোম্পানীতে মুক্তিযোদ্ধা কোটা অনুযায়ী নিয়োগ দেওয়ায় দাবিতে মানববন্ধন ও বিক্ষোভ করেছে মুক্তিযোদ্ধা ও মুক্তিযোদ্ধার সন্তানরা।
গতকাল বুধবার দুপুর ১২ টার দিকে দর্শনা কেরু এন্ড কোম্পানী জেনারেল অফিসের সামনে এই মানববন্ধন ও বিক্ষোভ অনুষ্ঠিত হয়। এ সময় বক্তারা বলেন, ২০১৯- ২০ মাড়াই মৌসুমের ২০০ লোক চুক্তিভিত্তিক নিয়োগের বিপরীত ৩০% মুক্তিযোদ্ধা কোটায় ৩৬ জনকে চুক্তিভিত্তিক নিয়োগ দেয়া হয়। এবছর তাদেরকে ওই পদে বহাল রাখার দাবি জানিয়েছেন তারা। দাবি না মানলে কঠোর কর্মসূচি দেবেন তারা।

দামুড়হুদায় জাতীয় ভোটার দিবস পালন উপলক্ষে আলোচনা সভা

দামুড়হুদায় জাতীয় ভোটার দিবস পালন উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল মঙ্গলবার বেলা ১০টার দিকে জাতীয় ভোটার দিবসের উদ্বোধন উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। দামুড়হুদা উপজেলা প্রশাসন ও উপজেলা নির্বাচন অফিসের যৌথ আয়োজনে উপজেলা নির্বাহী কর্মকর্তা দিলারা রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান আলি মুনছুর বাবু।
দামুড়হুদা উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে উপজেলা নির্বাচন কর্মকর্তা ইসহাকের সঞ্চালনায় উপস্থিত ছিলেন উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা মাসুম আব্দুল্লাহ, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা আ: মতিন, উপজেলা শিক্ষা কর্মকর্তা সাকি সালামসহ উপজেলার বিভিন্ন দফতর প্রধানগণ।